

🗏 वान-त्र्ययास्त्रन | Al-Muzzammil | ٱلْمُزَّمِّل

আয়াতঃ ৭৩: ১৮

আরবি মূল আয়াত:

السَّمَآءُ مُنفَطِرٌ بِهِ الكَانَ وَعدُهُ مَفعُولًا ﴿١٨﴾

যার কারণে আসমান হবে বিদীর্ণ, আল্লাহর ওয়াদা হবে বাস্তবায়িত। — আল-বায়ান যার কারণে আকাশ ফেটে যাবে, আল্লাহর ওয়া'দা পূর্ণ হয়ে যাবে। — তাইসিরুল যেদিন আকাশ হবে বিদীর্ণ; তাঁর প্রতিশ্রুতি অবশ্যই বাস্তবায়িত হবে। — মুজিবুর রহমান

The heaven will break apart therefrom; ever is His promise fulfilled. — Sahih International

১৮. সে-দিন আসমান হবে বিদীর্ণ(১) তাঁর প্রতিশ্রুতি অবশ্যই বাস্তবায়িত হবে।

(১) এখানে مبَّ শব্দের অর্থ করা হয়েছে, فيه বা 'সে দিন'। তাছাড়া এর আরেকটি অর্থ হচ্ছে, بسببه 'এর কারণে' বা বা 'যে জন্য'। প্রতিটি অর্থই উদ্দেশ্য হতে পারে। তবে প্রথমটিই বিশুদ্ধ। অর্থাৎ সেদিনের ভয়াবহতা এমন যে, তাতে আসমান ফেটে চৌচির হয়ে যাবে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(১৮) যেদিন আকাশ হবে বিদীর্ণ; [1] তাঁর প্রতিশ্রুতি অবশ্যই বাস্তবায়িত হবে। [2]

- [1] এটা কিয়ামতের আর এক অবস্থা। সেদিনকার ভয়াবহতায় আসমান ফেটে যাবে।
- [2] অর্থাৎ, আল্লাহ তাআলা মানুষের মৃত্যুর পর পুনর্জীবিত করা, হিসাব-নিকাশ এবং জান্নাত-জাহান্নামের যে প্রতিশ্রুতি দিয়েছেন, তা অবশ্যই ঘটবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5493

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন